**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের ঐতিহ্যবাহী মিশ্র সংস্কৃতিকে বিশ্বের দরবারে তুলে ধরার প্রয়াস নিতে হবে।**

**(২) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যে ২০১৮-১৯ অর্থবছর থেকে এখন পর্যন্ত ১ লক্ষ ১৭ হাজার কৃষকের কাছ থেকে ২ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন ধান কেনা হয়েছে।**

**(৩) উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মন বলেছেন, নতুন শিক্ষানীতি ১০০ শতাংশ বাস্তবায়িত করার জন্য ছাত্র-ছাত্রী, শিক্ষক, সমস্ত শিক্ষাকর্মী ও সরকারকে একযোগে কাজ করতে হবে |**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, ক্রমাগত সংস্কার এবং কৃষক-কেন্দ্রিক উদ্যোগ কৃষিক্ষেত্রকে সুস্থায়ী অগ্রগতির দিকে পরিচালিত করেছে ।**

**(৫) আগামী ৮-১০ আগস্ট ৩ দিনব্যাপী রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জী অনূর্ধ্ব ১৭ বছর ছেলেদের ফুটবল প্রতিযোগিতা জম্পুইজলা মহকুমায় অনুষ্ঠিত হবে।**

*******************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের ঐতিহ্যবাহী মিশ্র সংস্কৃতিকে বিশ্বের দরবারে তুলে ধরার প্রয়াস নিতে হবে। এজন্য সংস্কৃতির উন্নয়নকে গণআন্দোলনে পরিণত করতে হবে। আজ সচিবালয়ে পুনর্গঠিত রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির প্রথম সভায় তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, সংস্কৃতি হলো একটি সমাজের অলংকার। বর্তমানের সঙ্গে

সামঞ্জস্য রেখে উদ্ভাবনী চিন্তাধারায় নিজস্ব সংস্কৃতির আধুনিকীকরণে পদক্ষেপ গ্রহণ করা দরকার। রাজ্যের ঐতিহ্যবাহী মিশ্র সংস্কৃতিকে যত্ন করে লালন পালন করার বিষয়েও সচেষ্ট থাকতে হবে। এক্ষেত্রে জাতি জনজাতিদের ঐতিহ্যবাহী সংস্কৃতিকে বজায় রেখে সাংস্কৃতিক কর্মকান্ডে নতুনত্ব আনার প্রয়াস নিতে হবে।

তিনি বলেন, গ্রামস্তর থেকে প্রতিভাবান শিল্পীদের খুঁজে তাদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে। আধুনিকতার চাপে কীর্তন, পুতুল নাচ, যাত্রার মতো ঐতিহ্যবাহী সংস্কৃতিগুলি হারিয়ে যেতে বসেছে। উদ্ভাবনী চিন্তাধারার মাধ্যমে এগুলিকে পুনরুজ্জীবিত করার প্রয়াস নিতে হবে।

**************************

**Paddy procurement–Sushanta Chowdhury :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যে ২০১৮–১৯ অর্থবছর থেকে এখন পর্যন্ত ১ লক্ষ ১৭ হাজার কৃষকের কাছ থেকে ২ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন ধান কেনা হয়েছে। ধান কেনা বাবদ কৃষকদের অ্যাকাউন্টে দেওয়া হয়েছে ৪৪৬ কোটি টাকা। আজ জিরানিয়ায় মাধববাড়ি সরকারি খাদ্য গুদামে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, সরকার সহায়ক মূল্যে ধান কেনার ফলে কৃষকদের জীবনযাত্রার মান উন্নত হচ্ছে। চলতি মরশুমে রাজ্যের ৩০টি স্থানে কৃষকদের থেকে ধান কেনা হবে। অনুষ্ঠানে জিরানিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানিয়া নগর পঞ্চায়েতের চেয়ারম্যান রতন কুমার দাস উপস্থিত ছিলেন।

*****************************

**Paddy procurement–South :**

দক্ষিন জেলার জোলাইবাড়ি, সাব্রুমের ব্রজেন্দ্রনগর ও রাজনগর মোটরস্ট্যান্ডে আজ থেকে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান কেনা শুরু হয়েছে।

***************************

**Paddy purchase-Sepahijala :**

সিপাহীজলা জেলাতেও আজ থেকে সহায়ক মূল্যে কৃষকদের কাছ থেকে ধান কেনা শুরু হয়েছে। এ উপলক্ষ্যে বিশালগড়ে খাদ্যগুদাম সংলগ্ন অস্থায়ী ধান সংগ্রহ কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক সুশান্ত দেব ও অন্তরা সরকার দেব এবং পঞ্চায়েত সমিতির পদাধিকারীগণ। সোনামুড়া মহকুমার ধনপুর মোটরস্ট্যান্ডে অস্থায়ী ধান সংগ্রহ কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বিন্দু দেবনাথ, কাঁঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন মিঠুরানী দাস প্রমুখ।

*****************************

**Paddy Procurement-Gomoti :**

গোমতি জেলাতেও আজ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে কৃষকদের কাছ থেকে ধান ক্রয় শুরু হয়েছে। আজ অমরপুর ও টেপানিয়া ব্লকে ধান কেনা হয়। এ উপলক্ষ্যে অমরপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারম্যান বিকাশ সাহা।

*****************************

**Paddy Procurement-Khowai :**

খোয়াই মহকুমায় আজ থেকে সরকারি উদ্যোগে সহায়ক মূল্যে কৃষকদের নিকট থেকে ধান কেনা শুরু হয়েছে। ধান কেনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে এক হাজার মেট্রিক টন। এ উপলক্ষ্যে অফিসটিলা খাদ্য গুদাম প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়, খোয়াই পঞ্চায়েত সমিতির পদাধিকারীগণ।

*************************

**Kishor Barman-Seminar :**

উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মন বলেছেন, নতুন শিক্ষানীতি ১০০ শতাংশ বাস্তবায়িত করার জন্য ছাত্র-ছাত্রী, শিক্ষক, সমস্ত শিক্ষাকর্মী ও সরকারকে

একযোগে কাজ করতে হবে। আজ আগরতলার নরসিংগড়ে ত্রিপুরা ইনস্টিটিউট অফ টেকনোলজিতে জাতীয় শিক্ষানীতির পাঁচ বছর পূর্তি উপলক্ষে এক সেমিনার উদ্বোধন করে তিনি একথা বলেন। অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘ আয়োজিত এই সেমিনারে শ্রী বর্মন বলেন, শিক্ষাক্ষেত্রে ভারতকে ওয়ার্ল্ড এডুকেশন হাবে রূপান্তরিত করাই জাতীয় শিক্ষানীতি মূল উদ্দেশ্য।

*******************************

**PM Kishan :**

প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধির কুড়িতম কিস্তিতে রাজ্যে প্রথম স্থান অধিকার করল উত্তর ত্রিপুরা জেলা। জেলার কৃষি দপ্তরের সহকারী অধিকর্তা শ্রীমতী আঞ্জুমা রানা খাতুন জানান, উত্তর ত্রিপুরা জেলায় মোট ৪২,০৮৯ জন কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি ৮ কোটি ৪১ লক্ষ ৭৮ হাজার টাকা প্রদান করা হয়েছে। এই আর্থিক সহায়তা কৃষকদের কৃষিকাজে বিশেষ সহায়তা করছে এবং চলতি খারিফ মরশুমে বীজ ও সার ক্রয়ের ক্ষেত্রে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM ON VIKSIT BHARAT :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, ক্রমাগত সংস্কার এবং কৃষক-কেন্দ্রিক উদ্যোগ কৃষিক্ষেত্রকে সুস্থায়ী অগ্রগতির দিকে পরিচালিত করেছে। কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানের লেখা একটি সংবাদ নিবন্ধ শেয়ার করে, শ্রী মোদী উল্লেখ করেছেন, এই সংস্কারগুলি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। নিজের লেখা নিবন্ধে, শ্রী চৌহান বলেছেন, কৃষি কেবল ভারতীয় অর্থনীতির মেরুদণ্ড নয় বরং একটি স্বনির্ভর ও শক্তিশালী ভারতের ভিত্তি। তিনি আরও বলেন, কৃষি লক্ষ লক্ষ মানুষের জীবিকা নির্বাহের পাশাপাশি গ্রামকে শক্তিশালী করে এবং সকলের জন্য খাদ্য নিশ্চিত করে।

****************************

**India-Philippines exchanged nine MoUs :**

ভারত ও ফিলিপাইনের মধ্যে আজ নয়টি সমঝোতা স্মারক বিনিময় হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ফিলিপাইনের রাষ্ট্রপতি ফার্দিনান্দ রোমুয়ালদেজ মার্কোস জুনিয়রের উপস্থিতিতে স্বাক্ষরিত সমঝোতা স্মারকগুলির মধ্যে রয়েছে দু'দেশের কৌশলগত অংশীদারিত্ব, অপরাধমূলক বিষয়ে পারস্পরিক আইনি সহায়তা চুক্তি, প্রতিরক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি সহ অন্যান্য বিষয়। পরে সংবাদ মাধ্যমের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী মোদী বলেন, ভারত ও ফিলিপাইন তাদের কূটনৈতিক সম্পর্কের ৭৫তম বার্ষিকী উদযাপন করছে, তাই ফিলিপাইনের রাষ্ট্রপতির এই সফর বিশেষ তাৎপর্যপূর্ণ। তিনি পহেলগাম হামলার তীব্র নিন্দা এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ভারতের পাশে থাকার জন্য ফিলিপাইন সরকার এবং রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। ফিলিপাইনের রাষ্ট্রপতি ভারতকে ধন্যবাদ জানান।

*****************************

**Parliament nods on Manipur :**

মণিপুরে রাষ্ট্রপতি শাসনের মেয়াদ ১৩ আগস্ট ২০২৫ থেকে আরও ছয় মাসের জন্য বৃদ্ধি করার বিষয়ে সম্মতি জানালো সংসদ। রাজ্যসভায় আজ ধ্বনিভোটে এই বিধিবদ্ধ প্রস্তাবটি গৃহীত হয়েছে। উল্লেখ্য, লোকসভা ইতিমধ্যেই এই বিষয়ে বিধিবদ্ধ প্রস্তাবটি অনুমোদন প্রদান করেছে।

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে মণিপুরে আরোপিত রাষ্ট্রপতি শাসনের মেয়াদ বৃদ্ধির জন্য সংসদের অনুমোদন চেয়ে প্রস্তাবটি উত্থাপন করেছিলেন। প্রস্তাবের উপর আলোচনার জবাবে শ্রী রাই বলেন, রাষ্ট্রপতি শাসন জারির পর থেকে কেবল একটি সহিংসতার ঘটনা ঘটেছে, যেখানে একজন ব্যক্তি প্রাণ হারিয়েছেন। তিনি আরও বলেন, রাজ্যে গত চার মাসে একজনও প্রাণ হারাননি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে উত্তর-পূর্বের রাজ্যগুলিতে উন্নয়নের জন্য বেশ কয়েকটি পদক্ষেপ নেওয়া হয়েছে।

*****************************

**Package Story-Agar Industry :**

ত্রিপুরার সঙ্গে আগর চাষের সম্পর্ক যেন বহু কালের। বর্তমান রাজধানী শহরের নামের মধ্যেও জুড়ে আছে সেই যোগসূত্রের টান। কিন্তু বর্তমানে আগর চাষের চিত্র আসলে আবর্তিত হচ্ছে উত্তর ত্রিপুরার কদমতলা ব্লকের ফুলবাড়ী গ্রামকে ঘিরে। এই ঠিকানা এখন রাজ্যের আগর শিল্পের নতুন দিগন্ত খুলে রেখেছে।একটি প্রতিবেদন।

########VC#######

*****************************

**Minister Sudhangshu Das :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ কৈলাশহরের বিদ্যানগর স্কুলের পাশে মৎস্যচাষ সংক্রান্ত জ্ঞানার্জন কেন্দ্রের দ্বারোদঘাটন করেন। তিনি বলেন, এই কেন্দ্রটি

চালুর মধ্য দিয়ে মৎস্যচাষীরা মাছচাষে বৈজ্ঞানিক ও কারিগরী পরামর্শ ও সহায়তা পাবেন। রাজ্যে মাছের উৎপাদন বাড়াতে সরকার পতিত জলাশয়গুলিকে মাছ চাষের আওতায় নিয়ে আসার জন্য কাজ করছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জিলা পরিষদের সদস্য বিমল কর, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় প্রমুখ।

*****************************

**SM Cup Football :**

আগামী ৮-১০ আগস্ট ৩ দিনব্যাপী রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জী অনূর্ধ্ব ১৭ বছর ছেলেদের ফুটবল প্রতিযোগিতা জম্পুইজলা মহকুমায় অনুষ্ঠিত হবে। ক্রীড়া দপ্তরের সিপাহীজলা জেলা কার্যালয়ের উপ-অধিকর্তা সমীর দেববর্মা জানিয়েছেন, রাজ্যের আটটি জেলা থেকে ১টি করে এবং স্পোর্টস স্কুল সহ মোট ৯টি ফুটবল দল প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। প্রতিযোগিতার আয়োজন করা হবে সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশমান বিদ্যালয়ের সিনথেটিক টার্ফ ফুটবল মাঠে।

***************************

**Weather :**

ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে আগামী ১১ই আগষ্ট পর্যন্ত ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে ভারতীয় আবহাওয়া দপ্তর। এদিকে, আগরতলার আবহাওয়া দপ্তর সুত্রে জানা গেছে, আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ জেলা ও সিপাহীজলা জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২০.৫ মিলিমিটার।

*****************************